হিসাব পদ্ধতি ও বিশেষ জাবেদা

Accounting System and Special Journal

৬

ভূমিকা
Introduction

ব্যবসায় প্রতিষ্ঠানসমূহের সাথে জড়িত বিভিন্ন পক্ষ হিসাব তথ্যের ব্যবহার করে থাকে। নির্ভুল হিসাব তথ্য ব্যবস্থা তাদেরকে কাঙ্ক্ষিত লক্ষ্যে পৌঁছাতে সাহায্য করে। এখন হিসাব তথ্য কীভাবে সংরক্ষিত হলে তা নির্ভুল, স্বল্প সময়ে, স্বল্প ব্যয়ে ব্যবহারকারীদের নিকট পৌছানো যায় সেদিকেই সকলের প্রচেষ্টা। আধুনিক প্রতিযোগিতামুলক বিশ্বে প্রযুক্তির প্রবর্তন ও উন্নয়নের সাথে সাথে হিসাববিজ্ঞানীগণ যান্ত্রিক পদ্ধতি তথা কম্পিউটারাইজড পদ্ধতিতে হিসাব রাখতে শুরু করে। ব্যবসায় প্রতিষ্ঠানের বিভিন্ন উপাত্ত সংগ্রহ ও উপাত্তগুলোকে ব্যবহার উপযোগী করা এবং ব্যবহারকারীদের নিকট সরবরাহ করার কৌশলকে হিসাব ব্যবস্থা বা হিসাব পদ্ধতি বলে। আর বিশেষ ধরনের লেনদেনসমূহকে লিপিবদ্ধ করার জন্য ব্যবহৃত জাবেদাকে বিশেষ জাবেদা বলে। এ ইউনিটে আমরা হিসাব পদ্ধতি ও বিশেষ জাবেদা নিয়ে আলোচনা করব।

ইউনিট সমাপ্তির সময়	ইউনিট সমাপ্তির সর্বোচ্চ সময় ১ সপ্তাহ

এ ইউনিটের পাঠসমূহ

পাঠ ৬.১ : হিসাব পদ্ধতির সংজ্ঞা ও উদ্দেশ্য

পাঠ ৬.২ : বিশেষ জাবেদার সংজ্ঞা ও সুবিধা

পাঠ ৬.৩ : বিশেষ জাবেদার প্রকারভেদ

পাঠ ৬.৪ : বিশেষ জাবেদা: গাণিতিক সমস্যা ও এর সমাধান

পাঠ-৬.১ হিসাব পদ্ধতির সংজ্ঞা ও উদ্দেশ্য
Definition and Objectives of Accounting System

উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি-

- হিসাব পদ্ধতি কি তা বলতে পারবেন।
- হিসাব পদ্ধতির উদ্দেশ্য ব্যাখ্যা করতে পারবেন।

হিসাব পদ্ধতির সংজ্ঞা
Definition of accounting system

সাধারণভাবে বলা যায়, হিসাবরক্ষণ পদ্ধতি হলো একটি তথ্য ব্যবস্থা (An information system) যা কোনো প্রতিষ্ঠানের আর্থিক ঘটনাসমূহ থেকে উপাত্ত বা ডাটা সংগ্রহকরণ, নিয়মতান্ত্রিক উপায়ে লিপিবদ্ধকরণ, উপাত্তগুলো ব্যবহার উপযোগীকরণ, যা স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তিবর্গকে সিদ্ধান্ত গ্রহণে সহায়তা করে। এ ব্যবস্থা হলো প্রয়োজনীয় আর্থিক তথ্যসমূহ ব্যবহারকারীদের নিকট সরবরাহ করার একটি কৌশল। মোট কথা হলো, হিসাব ব্যবস্থা বলতে এমন একটি প্রক্রিয়া বা পদ্ধতিকে বোঝায়, যা হিসাব তথ্যের সংগ্রহ, লিপিবদ্ধকরণ, বিশ্লেষণ ও ব্যাখ্যা প্রদান করে।

Weygandt, Kieso, Kimmel এর মতে, "The system that collects and process transaction data and disseminates financial information to interested parties is known as the accounting information system" অর্থাৎ, যে ব্যবস্থা লেনদেনের উপাত্ত সংগ্রহ ও প্রক্রিয়াজাতকরণ করে এবং আর্থিক তথ্য ব্যবহারে আগ্রহী পক্ষসমূহের নিকট সরবরাহ করে দেয় তাকে হিসাব তথ্য ব্যবস্থা বলা হয়।

সুতরাং হিসাব তথ্যাবলি ব্যবসায়ের সাথে জড়িত অভ্যন্তরীণ ও বাহিরের বিভিন্ন পক্ষের প্রয়োজন অনুসারে এবং সময়মত সরবরাহ করার কলাকৌশলকেই হিসাব তথ্য ব্যবস্থা বা হিসাবরক্ষণ পদ্ধতি বলা যায়।

হিসাব পদ্ধতির উদ্দেশ্য
Objectives of accounting system

অভ্যন্তরীণ ও বাহ্যিক বহুবিধ উদ্দেশ্য বাস্তবায়নের জন্য হিসাবতথ্য সংগ্রহ, সংরক্ষণ, প্রক্রিয়াকরণ ও সংকলন করা হয়ে থাকে। নিম্নে হিসাব তথ্যের কয়েকটি গুরুত্বপূর্ণ উদ্দেশ্য বর্ণনা করা হলো :

১। **স্থায়ী নথি সংরক্ষণ (Keeping permanent record) :** হিসাব তথ্য ও আর্থিক প্রতিবেদন বিভিন্ন সহকারী ও পাকা বইতে লিখে রাখা হয় বা কম্পিউটারে সংরক্ষণ করা হয় যার মাধ্যমে হিসাবের স্থায়ী নথি সংরক্ষণ হয়ে থাকে।

২। **ব্যবস্থাপকীয় সিদ্ধান্ত গ্রহণ (Managerial decision making) :** কোনো পণ্যের উৎপাদন বৃদ্ধি বা হ্রাস, পণ্যের মানের উৎকর্ষসাধন, ফ্যাশন ও ডিজাইন পরিবর্তন এবং প্রতিযোগিতায় টিকে থাকা ইত্যাদি ফলপ্রসূ ও কার্যকর সিদ্ধান্ত গ্রহণে হিসাববিজ্ঞান তথ্য ব্যবস্থাপনাকে সহায়তা করে।

৩। **পরিকল্পনা ও বাজেট প্রণয়ন (Planning and budgeting) :** পরিকল্পনা, বাজেট প্রণয়ন ও সঠিকভাবে তা বাস্তবায়নের ক্ষেত্রে হিসাব তথ্য ব্যবস্থাপনাকে সাহায্য করে।

৪। **সমন্বয়সাধন (Co-ordination) :** বিভিন্ন বিভাগ, উপবিভাগ ও ব্যয় কেন্দ্রের মধ্যে সমন্বয় সাধনের উদ্দেশ্যে হিসাব পদ্ধতি তথ্য সরবরাহ করে ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে সহায়তা করে থাকে।

৫। **আন্তঃবিভাগীয় সম্পর্ক উন্নয়ন এবং প্রতিযোগিতা বৃদ্ধি (Development of inter-departmental relationship and competition) :** আন্তঃবিভাগীয় তুলনা ও সুস্থ প্রতিযোগিতা বৃদ্ধির লক্ষ্যে হিসাববিজ্ঞান তথ্য ব্যবস্থাপনাকে সাহায্য করে থাকে।

৬। **মুনাফা সর্বাধিকরণের মাধ্যমে সম্পদ সর্বাধিকরণ (Wealth maximization through profit maximization) :** প্রতিষ্ঠানের মুখ্য উদ্দেশ্য মুনাফা সর্বাধিককরণের মাধ্যমে সম্পদ সর্বাধিকরণ। মুনাফা ও সংরক্ষিত মুনাফাকে নিরাপদ, লাভজনক ও কম ঝুঁকিসম্পন্ন প্রকল্পে বিনিয়োগ করে মুনাফা সর্বাধিকরণের সাথে সাথে সম্পদ সর্বাধিকরণ করার ক্ষেত্রে হিসাবতথ্য সিদ্ধান্ত গ্রহণে ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে সহায়তা করে থাকে।

সারসংক্ষেপ:

হিসাব ব্যবস্থা বলতে এমন একটি প্রক্রিয়া বা পদ্ধতিকে বোঝায় যা হিসাব তথ্যের সংগ্রহ, লিপিবদ্ধকরণ, বিশ্লেষণ ও ব্যাখ্যা দান করে। স্থায়ী নথি সংরক্ষণ, ব্যবস্থাপকীয় সিদ্ধান্ত গ্রহণ, পরিকল্পনা ও বাজেট প্রণয়ন, সমন্বয়সাধন, আন্তঃবিভাগীয় সম্পর্ক উন্নয়ন ও সুস্থ প্রতিযোগিতা বৃদ্ধি, মুনাফা সর্বাধিকরণের মাধ্যমে সম্পদ সর্বাধিকরণ ইত্যাদি হলো হিসাব ব্যবস্থার উল্লেখযোগ্য উদ্দেশ্য।

পাঠ-৬.২ বিশেষ জাবেদার সংজ্ঞা ও সুবিধা

Definition and Advantages of Special Journal

উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি-

- বিশেষ জাবেদা কী তা বলতে পারবেন।
- বিশেষ জাবেদার সুবিধা ব্যাখ্যা করতে পারবেন।

বিশেষ জাবেদার সংজ্ঞা

Definition of special journal

ছোটো আকৃতির ব্যবসায় প্রতিষ্ঠান যেখানে লেনদেনের সংখ্যা কম সে সকল প্রতিষ্ঠানে সাধারণ জাবেদার মাধ্যমে হিসাব রাখা সম্ভব। কিন্তু বৃহৎ কারবার প্রতিষ্ঠান যেখানে অসংখ্য লেনদেন সংগঠিত হয় সেখানে সাধারণ জাবেদার পাশাপাশি বিশেষ জাবেদায় কতিপয় বিশেষ ধরণের লেনদেন লিপিবদ্ধ করা হয়। এ ক্ষেত্রে প্রতিটি বিশেষ জাবেদায় একটি নির্দিষ্ট প্রকৃতির লেনদেন লিপিবদ্ধ করা হয়।

মনীষীগণের সংজ্ঞা :

C. T. Horngren, W T Harrison, Jr. and L.S Bomber (1999) এর মতে "A special journal is an accounting journal designed to record one specific type of transaction" (একটি বিশেষ জাবেদা হচ্ছে বিশেষ ধরনের লেনদেন লিপিবদ্ধ করার জন্য জাবেদা)।

Pyle & Lerson -এর মতে, "বিশেষ জাবেদা হলো একই ধরনের লেনদেন লিপিবদ্ধ করার জন্য একটি বহুঘর বিশিষ্ট প্রাথমিক বই" (Special Journal is a columner book of original entry for recording one kind of transaction.

সুতরাং একই ধরনের যেমন : সকল প্রকার বাকিতে পণ্য বিক্রয়, সকল প্রকার নগদ প্রাপ্তি (নগদ বিক্রয়সহ), সকল প্রকার বাকিতে পণ্য ক্রয় এবং সকল প্রকার নগদ প্রদান (নগদ ক্রয়সহ) ইত্যাদি বিশেষ বৈশিষ্ট্য মণ্ডিত লেনদেনগুলো একই জাবেদায় লিপিদ্ধ করার কৌশলকে বিশেষ জাবেদা বলে।

বিশেষ জাবেদার সুবিধা

Advantages of special journal

লেনদেনসমূহ সুষ্ঠ ও সুশৃংখলভাবে সংরক্ষণ করতে হলে লেনদেনসমূহে ধারাবাহিকভাবে হিসাবের প্রাথমিক বই বিশেষ জাবেদায় লিপিবদ্ধ করা হয়। নিম্নে জাবেদার সুবিধাসমূহ বর্ণনা করা হলো :

১। **শ্রম বিভাগের সুবিধা :** বিশেষ জাবেদার মাধ্যমে লেনদেনগুলো লিপিবদ্ধ করা হলে আলাদা জনবল দ্বারা ভিন্ন ভিন্ন বিশেষ জাবেদায় অতি অল্প সময়ে এবং স্বল্প শ্রমে লেনদেন সমূহ দ্রুত লিপিবদ্ধ করা সম্ভব।

২। **লেনদেনের স্থায়ী রেকর্ড :** লেনদেনসমূহ সংঘটনের পরপরই তারিখের ক্রমানুসারে স্থায়ীভাবে হিসাবের প্রাথমিক বই বিশেষ জাবেদায় লিপিবদ্ধ করা হয়। তাই কোনো লেনদেন হিসাবভুক্ত না হওয়ার সম্ভাবনা থাকে না।

৩। **প্রয়োজনীয় তথ্য দ্রুত প্রাপ্তি :** লেনদেনসমূহ পৃথক পৃথক জাবেদা বহিতে লিপিবদ্ধ থাকার জন্য প্রয়োজনীয় তথ্য খুব দ্রুত পাওয়া যায়। যেমন ধারে বিক্রয়ের কোনো তথ্য পেতে চাইলে বিক্রয় বই হতে দ্রুত পাওয়া যায়। নগদ প্রাপ্তি জানতে চাইলে নগদ প্রাপ্তি বই হতে অতি অল্পসময়ে তা জানা যায়।

৪। **ভুলত্রুটি উদঘাটন ও সংশোধন :** ভিন্ন ভিন্ন কর্মচারীর ওপর বিশেষ জাবেদা হিসাবভুক্ত হওয়ার দায়িত্ব অর্পিত থাকে বিধায় ভুলভ্রান্তি উদ্‌ঘাটন ও সংশোধন করা সহজ।

৫। **লেনদেনের শ্রেণিবিন্যাস :** জাবেদায় লেনদেনসমূহকে খাতওয়ারি শ্রেণি বিন্যাস করে সংরক্ষণ করা হয়। ফলে যে কোনো সময় লেনদেনের প্রকৃতি জানা যায়।

৬। **খতিয়ান হিসাব-এ পোস্টিং সংখ্যা হ্রাস ও সময় বাঁচানো :** বিশেষ জাবেদাসমূহ থেকে সাধারণ খতিয়ানে হিসাবকাল শেষে পোস্টিং দেওয়া হয়, তাতে পোস্টিং সংখ্যা হ্রাস পায় ও সময় বাঁচে।

৭। **কর্ম দক্ষতা বৃদ্ধি :** একই কাজ একজনকে করতে হয় বলে কর্ম দক্ষতা বৃদ্ধি পায়।

৮। **ধারাবাহিকতা রক্ষা :** লেনদেনসমূহকে ক্রমানুযায়ী জাবেদায় সংরক্ষণ করা হয় বলে ধারাবাহিকতা রক্ষা পায়।

৯। **লেনদেনের দৈনিক চিত্র :** তারিখের ক্রমানুসারে লেনদেনগুলো লিপিবদ্ধ হয় বলে এটি লেনদেনের দৈনিক চিত্রস্বরূপ।

উপরোক্ত সুবিধাগুলোর কারণে হিসাব সংরক্ষণে বিশেষ জাবেদার গুরুত্ব অনস্বীকার্য।

সারসংক্ষেপ:

একই ধরনের যেমন : সকল প্রকার বাকিতে পণ্য বিক্রয়, সকল প্রকার নগদ প্রাপ্তি (নগদ বিক্রয়সহ), সকল প্রকার বাকিতে পণ্য ক্রয় এবং সকল প্রকার নগদ প্রদান (নগদ ক্রয়সহ) ইত্যাদি বিশেষ বৈশিষ্ট্য মণ্ডিত লেনদেনগুলোকে বিশেষ জাবেদায় লিপিদ্ধ করার কৌশলকে বিশেষ জাবেদা বলে। এ ধরণের জাবেদা হতে শ্রম বিভাগের সুবিধা, লেনদেনের স্থায়ী সংরক্ষণের সুবিধা, প্রয়োজনীয় তথ্য দ্রুত প্রাপ্তি, ভুলত্রুটি উদ্‌ঘাটন ও সংশোধন, লেনদেনের শ্রেণি বিন্যাস, খতিয়ান হিসাব-এ পোস্টিং সংখ্যা হ্রাস ও সময় বাঁচানো, কর্ম দক্ষতা বৃদ্ধি, ধারাবাহিকতা রক্ষা এবং লেনদেনের দৈনিক চিত্র তুলে ধরা ইত্যাদি হলো বিশেষ জাবেদার উল্লেখযোগ্য সুবিধা।

পাঠ-৬.৩ বিশেষ জাবেদার প্রকারভেদ

Types of special journal

উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি-

- বিশেষ জাবেদার প্রকারভেদ ব্যাখ্যা করতে পারবেন।

বিশেষ জাবেদার প্রকারভেদ

Types of special journal

বিশেষ ধরনের লেনদেনেসমূহ লিপিবদ্ধ করার জন্য ব্যবহৃত জাবেদাকে বিশেষ জাবেদা বলে। বৃহৎ প্রতিষ্ঠানে সাধারণত যে সকল বিশেষ জাবেদা সংরক্ষণ করে থাকে সেগুলোকে চার ভাগে ভাগ করা যায়, যথা :

১। **বিক্রয় জাবেদা :** সকল প্রকার বাকিতে পণ্য বিক্রয় এ জাবেদায় লিপিবদ্ধ করা হয়।

৩। **ক্রয় জাবেদা :** সকল প্রকার বাকিতে পণ্য ক্রয় Single column purchase journal এ এবং সকল প্রকার বাকিতে পণ্য ক্রয় ছাড়াও অন্য কোনো প্রকার বাকিতে সম্পত্তি ক্রয় Multicolumn purchase journal এ লিপিবদ্ধ হয়।

৩। **নগদপ্রাপ্তি জাবেদা :** সকল প্রকার নগদ গ্রহণ এই জাবেদায় লিপিবদ্ধ করা হয়। নগদ পণ্য বিক্রয় কিংবা অন্য কিছু নগদ বিক্রয় করলেও নগদপ্রাপ্তি জাবেদার অন্তর্ভুক্ত হবে।

৪। **নগদ প্রদান জাবেদা :** সকল প্রকার নগদ প্রদান এবং নগদ ক্রয় এই জাবেদায় লিপিবদ্ধ করা হয়।

এছাড়াও কোনো কোনো ক্ষেত্রে কিছু প্রতিষ্ঠান প্রয়োজন অনুযায়ী আরো কয়েকটি বিশেষ জাবেদা ব্যবহার করে থাকে। যেমন: ক্রয় ফেরত জাবেদা (Purchase return journal) , বিক্রয় ফেরত জাবেদা (Sales return journal), প্রাপ্য বিলের জাবেদা (Bills receivable journal) , প্রদেয় বিলের জাবেদায় (Bills payable journal) ইত্যাদি। উপরোল্লিখিত লেনদেনসমূহ ব্যতিত অন্য সকল প্রকার লেনদেন সাধারণ জাবেদায় (General journal) লিপিবদ্ধ করা হয়। বিভিন্ন প্রতিষ্ঠানে সাধারণত যে সমস্ত বিশেষ জাবেদা ব্যবহৃত হয় সেগুলো হলো :

বিক্রয় জাবেদা (Sales Journal)	নগদ প্রাপ্তি জাবেদা (Cash Receipts Journal)	ক্রয় জাবেদা (Purchase Journal)	নগদ প্রদান জাবেদা (Cash Payment Journal)	সাধারণ জাবেদা (General Journal)
সকল প্রকার বাকিতে পণ্য বিক্রয়	সকল প্রকার নগদ প্রাপ্তি (নগদ বিক্রয়সহ)	সকল প্রকার বাকিতে পণ্য ক্রয় অবশ্য বহুঘরা ক্রয় জাবেদায় বাকিতে পণ্য ক্রয় ছাড়াও সকল প্রকার ক্রয় যেমন বাকিতে সম্পত্তি ক্রয়, বাকিতে যে কোনো প্রকার খরচ যা দ্বারা প্রদেয় হিসাব বা Account payable বাড়ে সবই বহুঘরা ক্রয় জাবেদায় যাবে।	সকল প্রকার নগদ প্রদান (নগদ ক্রয়সহ)	বিশেষ জাবেদা অন্তর্ভুক্ত হয় সেগুলি ব্যতীত এবং ভুল সংশোধনী সমন্বয় ও সমাপনী ব্যতীত সকল লেনদেন এ জাবেদার অন্তর্ভুক্ত।

এছাড়াও কিছু কিছু প্রতিষ্ঠান প্রয়োজন অনুযায়ী কোনো কোনো ক্ষেত্রে ক্রয় ফেরত জাবেদা (Purchase return journal) এবং বিক্রয় ফেরত জাবেদা (Sales return journal) হিসাব রাখে। যদি বিশেষ জাবেদা ওপরের চার প্রকার হয়, তবে ক্রয় ফেরত জাবেদা এবং বিক্রয় ফেরত জাবেদা সাধারণ জাবেদায় লিপিবদ্ধ হয়।

সারসংক্ষেপ:

একটি বৃহৎ প্রতিষ্ঠানে সাধারণত যে সকল বিশেষ জাবেদা ব্যবহার করে থাকে সেগুলোকে চার ভাগে ভাগ করা যায়, যথা: বিক্রয় জাবেদা, ক্রয় জাবেদা, নগদ প্রাপ্তি জাবেদা, নগদ প্রদান জাবেদা। এছাড়াও কোনো কোনো ক্ষেত্রে কিছু কিছু প্রতিষ্ঠান প্রয়োজন অনুযায়ী আরো কয়েকটি বিশেষ জাবেদা ব্যবহার করে থাকে। যেমন: ক্রয় ফেরত জাবেদা (Purchase return journal) , বিক্রয় ফেরত জাবেদা (Sales return journal), প্রাপ্য বিলের জাবেদা (Bills receivable journal) , প্রদেয় বিলের জাবেদা (Bills payable journal) ইত্যাদি। অন্যান্য লেনদেন যেগুলো উপরোল্লিখিত গ্রুপের আওতায় পড়ে না সেগুলো সাধারণ জাবেদায় (General journal) সংরক্ষণ করা হয়।

পাঠ-৬.৪ বিশেষ জাবেদা: গাণিতিক সমস্যা ও এর সমাধান

Special Journal : Mathematical Problems and Solutions

উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি-

- বিশেষ জাবেদা সংক্রান্ত গাণিতিক সমস্যাগুলোর সমাধান করতে পারবেন।

বিশেষ জাবেদা : গাণিতিক সমস্যা ও এর সমাধান

Special Journal : Mathematical Problems and Solutions

বিশেষ জাবেদা হলো একই ধরনের লেনদেন লিপিবদ্ধ করার জন্য একটি বহুঘর বিশিষ্ট প্রাথমিক বই। এর কতিপয় উদাহরণ নিম্নে উল্লেখ করা হলো :

Example–1 : (Sales journal under periodic inventory system)

Sylhet Whole Sale Supply engaged with trading business. During the month of January, 2020 sales on account were as follows :

January 3 Sold to Maharnab Brothers for Tk. 1,00,000, invoice No. 101.
7 Sold to Mriganka & Sons for Tk. 50,000, invoice No. 102.
14 Sold to Shekhar Co. for Tk. 60,000, invoice No. 103.
19 Sold to Sajib & Sons Tk. 40,000, invoice No. 104.
20 Cash sales Tk. 30,000, invoice 105.
27 Sold to Rabin. Co. for Tk. 20,000, invoice No. 106.
30 Sold to Boby & Sons for Tk. 40,000, invoice No. 107.

Requirement: You are required to prepare a sales Journal.

Solution:

Sylhet Whole Sale Supply
Sales Journal

Date	Account Debited	Invoice No.	Ref.	Account receivable Dr. Sales Cr.
2020				
Jan. 3	Maharnab brothers	101	│	1,00,000
,, 7	Mriganka & sons	102	│	50,000
,, 14	Shekhar Co.	103	│	60,000
,, 19	Sajib sons	104	│	40,000
,, 27	Rabin Co.	106	│	20,000
,, 30	Boby and sons	107	│	40,000
				3,10,000

Note: নগদ বিক্রয় Sales Journal এ অন্তর্ভুক্ত না হয়ে নগদ গ্রহণ জাবেদায় লিপিবদ্ধ হবে।

Example–2 : (Sales journal under perpetual invoice system)

In analyzing the accounts of Raton & Brothers, following information are obtained regarding to credit sales during the month of June 2019.

June : 3 Sold to Masud & Co. for Tk. 55,000 (Cost price 40,000), invoice No. 110.
5 Sold to Yesmin & Sisters for Tk. 60,000 (Cost price 48,000), invoice No. 111.
10 Sold to Mamun & Sons for Tk. 30,000 (Cost price 25,000), invoice No. 112.
15 Sold to Babu & Brothers for Tk. 40,000 (Cost price 30,000), invoice No. 113.
20 Sold to Paul & Sons for Tk. 20,000 (Cost price 15,000), invoice No. 115.
30 Sold to Masud & Co. for Tk. 15,000 (Cost 10,000), invoice No. 114.

Requirement: You are required to prepare a sales Journal.

Solution:

Raton & Brothers
Sales Journal

Date	Account Debited	Invoice No.	Ref.	Account receivable Dr. Sales Cr.	Cost of goods sold Dr. Merchandise Inventory Cr.
2019					
June : 3	Masud & Co.	110	|	55,000	40,000
,, 5	Yeasmin & Sisters	111	|	60,000	48,000
,, 10	Mamun & Sons	112	|	30,000	25,000
,, 15	Babu & Brothers	113	|	40,000	30,000
,, 20	Paul & Sons	114	|	20,000	15,000
,, 30	Masud & Co.	115	|	15,000	10,000
	Total			2,20,000	1,68,000

Example–3 : (Purchase journal using perpetual inventory system)
Following the entries of Kajal Whole Sale Supply:
2019
May 1 Purchased merchandise from Joy & Co. Tk. 1,10,000, term 2/10, N/30
10 Purchased merchandise from Jahangir & Sons Tk. 72,000, 1/10, n/30
15 Purchased merchandise on account from Farzana & sons Tk. 69,000 term 3/10, n/30
20 Purchased merchandise from Joy & Co. Tk. 1,75,000, term 2/10, n/30
26 Purchased merchandise from Farzana & Co. 87,000, term 3/10, n/30
30 Purchase merchandise from Jahangir & sons Tk. 1,25,000 term 1/10, n/30

Requirement: You are required to prepare a purchase Journal.

Solution :

Kajal Whole Sale Supply
Purchase Journal

Date	Account credited	Terms	Ref.	Purchase Dr. Accounts payable Cr.
2019				
May 1	Joy & Co.	2/10, n/30		1,10,000
May 10	Jahangir & Sons	1/10, n/30		72,000
May 15	Farzana & Sons	3/10, n/30		69,000
May 20	Joy & Co.	2/10, n/30		1,75,000
May 26	Farzana & Co.	3/10, n/30		87,000
May 30	Jahangir & Sons	1/10, n/30		1,25,000
				6,38,000

Example–4: Multi column purchase journal: Paras Company use multi column purchases journal. The following transaction occurred during July, 2019.

July 1 Purchased office supplies from Sigma Company Tk. 20,000
10 Purchased merchandise inventory from Wrapco Company Tk. 15,000
15 Purchase equipment from Apple Company Tk. 25,000
30 Purchased store supplies from Sujan Company for Tk. 8,000

Requirement: You are required to prepare a purchase Journal from the above transactions.

Solution :

Paras Company
Purchase Journal

Date	Account credited	Ref.	Credit	Debit					
			Acc. Payable	Merchandise inventory	Office supplies	Store supplies	Other accounts		
							Acc. title	Ref.	Amount
2018									
July 1	Sigma Co.		20,000		20,000				
,, 10	Wrapco Co.		15,000	15,000					
,, 15	Apple Co.		25,000				Equip.		25,000
,, 30	Sujan Co.		8,000			8,000			
			68,000	15,000	20,000	8,000			25,000

Example–5 : The following are the selective transactions for February 2020 of Bashir Company :

2020	
Feb. 1	Merchandise purchased for cash Tk. 25,000.
" 5	Purchase of office supplies for Tk. 500.
" 10	Paid Z & Company Tk. 3960 in payment of invoice Tk. 4,000, less 1%.
" 15	Purchased equipment for Tk. 10,000 cash.
" 20	Withdrew cash of Tk. 1,000 from business for personal use.
" 28	Paid salaries for February Tk. 5,000.

Requirement: Make a Cash payment journal, for February

Solution :

Bashir Company
Cash payment journal

Date	Accounts debited	Debit			Credit	
		Other accounts	Purchase	Accounts payable	Purchase discount	Cash
2020						
Feb. 1	Purchase		25,000			25,000
" 5	Office supplies	500				500
" 10	Z and Company			4,000	40	3,960
" 15	Equipment	10,000				10,000
" 20	Withdrawal	1,000				1,000
" 28	Salaries	5,000				5,000
		16,500	25,000	4,000	40	45,460

Example–6 : (Cash receipt journal)

Kamal Comapany uses six-column cash receipts journal with the following column :

Cash (Dr.). Sales discount (Dr.) Account receivables (Cr.). Sales (Cr.). Other accounts (Cr.) and Costs of goods sold (Dr.) and Merchandise inventory (Cr.), Cash receipts transactions for the month of October are as follows :

2019	
Oct. 3	Cash sales Tk. 12,000 (Cost Tk. 8,000).
" 5	A cheque for Tk. 11,800 received from Jerin company in payment of an invoice dated Sept. 26 for Tk. 12,000, term 2/10, n/30.
" 9	An additional investment of Tk. 10,000 in cash in made in the business by Kamal, the Proprietor.
" 10	Cash sales Tk. 35,000 (Cost Tk. 25,000)
" 13	A cheque for Tk. 14,550 is received from Radu company in payment of Tk. 15,000 invoice dated Oct. 4, term 3/10, n/30.
" 15	A customer advance Tk. 1,400 cash in received for future sales.
" 20	Cash sales Tk. 40,000 (Cost the 30,000).
" 22	A cheque for Tk. 12,700 is received from Bina Company in payment of Tk. 13,000 invoice dated Oct. 13, term 2/10, n/30.
" 28	Cash sales Tk. 31,000 (Cost Tk. 21,000).
" 31	Cash Tk. 1,000 is received on interest earned for October.

Requirement : Journalize the transactions in the Cash receipts journal under the perpetual system.

Solution :

Kamal Company

Cash receipts journal

Date	Accounts credited	Debit		Credit			Cost of goods sold Dr Mer. Inv. Cr.
		Cash	Sales discount	Accounts receivable	Sales	Other accounts	
2019							
July 3	Sales	12,000			12,000		8,000
" 5	Accounts receivables	11,800	200	12,000			
" 9	Kamal capital	10,000				10,000	
" 10	Sales	35,000			35,000		25,000
" 13	Acc. Rec. Redu.	14,550	450	15,000			
" 15	Unearned Rev.	1,400				1,400	
" 20	Sales	40,000			40,000		30,000
" 22	Acc. Rec. Bina co.	12,700	300	13,000			
" 28	Sales	31,000			31,000		21,000
" 31	Interest revenue	1,000				1,000	
		1,69,450	950	40,000	1,18,000	12,400	84,000

Example–7 : (Cash Payments Journal– Perpetual Inventory System): The following transactions relating to payments of cash are extracted from the books of Sumon Wholesale Supply for August, 2019.

On August 1, the accounts payable ledger of Sumon Wholesale Supply showed the following balances : Jahangir Manufacturing Inc. Tk. 35,600; Moni & Bros Tk. 7,200; Faruq and Sons Tk. 8,300.

2019

August 1 Cheque No. 101 for Tk. 1,200 issued for the annual premium on a fire insurance policy.

3 Cheque No. 102 for Tk. 100 issued in payment of freight when terms were FOB shipping point.

8 Cheque No. 103 for Tk. 4,400 issued for the purchase of merchandise.

10 Cheque No. 104 for Tk. 10,780 sent to Jahangir Manufacturing Inc. for Tk. 11,000 less a 2% discount.

19 Cheque No. 105 for Tk. 6,984 mailed to Moni & Bros. for Tk. 7,200 less a 3% discount.

23 Cheque No. 106 for Tk. 6,831 sent to Zaman Traders for Tk. 6,900 less a 1% discount.

28 Cheque No. 107 for Tk. 17,150 sent to Jahangir Manufacturing Inc. for Tk. 17,500 less a 2% discount.

30 Cheque No. 108 for Tk. 500 issued to Sumon as a cash withdrawal for personal use.

Requirements :

(a) Journalize the above transactions in a cash payments journal.

(b) Post the August transactions to account payables subsidiary accounts

(c) Prove the agreement of the control account and subsidiary account balances.

Solution :

(a)

Sumon Wholesale Supply

Cash Payments Journal (Perpetual Inventory System)

Date	Cheque No.	Acc. Debited	Ref.	Debit			Credit	
				Other Acc.	Acc. Pay.	Mer. Inv.	Mer. Inv.	Cash
2019								
August 1	101	Prepaid insurance		1,200				1,200
3	102					100		100
8	103					4,400		4,400
10	104	Jahangir Manuf. Inc.			11,000		220	10,780
19	105	Moni & Bros.			7,200		216	6,984
23	106	Zaman traders			6,900		69	6,831
28	107	Jahangir Manuf. Inc.			17,500		350	17,150
30	108	Sumon, Drawing		500				500
				1,700	42,600	4,500	855	47,945

(b)

Sumon Wholesale Supply

General Ledger

Account Payables

Date	Explanation	Ref.	Debit	Credit	Balance
2019					
August 1					51,100
31			42,600		8,500

Accounts Payable Subsidiary Ledger

Jahangir Manufacturing Inc.

Date	Explanation	Ref.	Debit	Credit	Balance
2019					
August 1					35,600
10			11,000		24,600
28			17,500		7,100

Moni & Bros

Date	Explanation	Ref.	Debit	Credit	Balance
2019					7,200
August 1					
19			7,200		nil

Zaman Traders

Date	Explanation	Ref.	Debit	Credit	Balance
2018					
August 1					8,300
23			6,900		1,400

(c) Proving the agreement of the control account and subsidiary account balances

Control Account		Accounts payable subsidiary ledger	
Account Payable	Tk. 8,500	Jahangir Manufacturing Inc.	Tk. 7,100
		Moni & Bros.	–
		Zaman traders	1,400
	8,500		Tk. 8,500

সারসংক্ষেপ:

লেনদেনসমূহ সুষ্ঠ ও সুশৃংখলভাবে জাবেদায় লেনদেনসমূহকে খাতওয়ারি শ্রেণিবিন্যাস করে সংরক্ষণ করা হয়। ফলে যে কোনো সময় লেনদেনের প্রকৃতি জানা যায়।

ইউনিট মূল্যায়ন

১। হিসাব পদ্ধতির সংজ্ঞা দিন? হিসাব পদ্ধতির উদ্দেশ্যগুলো বর্ণনা করুন। Define accounting system. Describe the objectives of accounting system.

২। বিশেষ জাবেদার সংজ্ঞা দিন। বিশেষ জাবেদার সুবিধাগুলো ব্যাখ্যা করুন। (Define special journal. Explain the advantages of special journal.

৩। বিশেষ জাবেদার প্রকারভেদ লিখুন। Write down the types of special journal.

৪। ABC Company uses the perpetual inventory system. Prepare a sales journal in the books on the basis of the following credit sales transactions and posting them to the subsidiary ledgers and general ledger.

2019

March 5 Sales of merchandise on account to Salim Traders total Tk. 1,00,000 (cost price Tk. 80,000), [Invoice no.l 301]

9 Sales of merchandise on account to XYZ Co. total Tk. 70,000 (cost price Tk. 55,000), [invoice no 302]

16 Credit sales of merchandise to Mizan Bros total Tk. 90,000 (cost Tk. 65,000), [invoice no. 303]

23 Credit sales of merchandise to Salim traders total Tk. 1,50,000 (cost Tk. 1,20,000), [invoice no. 305]

29 Credit sales of merchandise to XYZ Co. total Tk. 1,40,000 (cost Tk. 1,12,000), [invoice no. 307]

৫। The following transactions of Kazi Rafiq cash receipt for the month of July 2019 :

July 1 Kazi Rafiq brings cash Tk. 50,000 as capital.

2 Cash sales of merchandise Tk. 30,000 (cost Tk. 25,000).

3 A cheque for Tk. 19,500 is received from B Co. on payment of Tk. 20,000.

12 Cash sale of merchandise Tk. 26,000 (cost Tk. 20,000).

20 Cash received Tk. 10,000 on bills receivable.

25 A cheque for Tk. 25,400 received from C Co. in full settlement of' T'k. 26,000.

31 Cash received Tk. 3,300 for interest.

Requirement : You are required to journalize the transactions in cash receipt journal.

৬। In analyzing the accounts of Habib & Brothers, following information are obtained regarding to credit sales during the month of June 2019.

June : 3 Sold to Murad & Co. for Tk. 65,000 (Cost price 40,000), invoice No. 111.

5 Sold to Laboni & Sisters for Tk. 70,000 (Cost price 48,000), invoice No. 112.

10 Sold to Mamun & Sons for Tk. 40,000 (Cost price 25,000), invoice No. 113.

15 Sold to Babu & Brothers for Tk. 50,000 (Cost price 30,000), invoice No. 114.

20 Sold to Paul & Sons for Tk. 30,000 (Cost price 15,000), invoice No. 115.

30 Sold to Murad & Co. for Tk. 25,000 (Cost 10,000), invoice No. 116.

Requirement: You are required to prepare a sales Journal.

৭। Following the entries of PQR Whole Sale Supply:

2019

May 1 Purchased merchandise from Nasir & Co. Tk. 2,10,000, term 2/10, N/30

10 Purchased merchandise from Moin & Sons Tk. 82,000, 1/10, n/30

15 Purchased merchandise on account from Farzana & sons Tk. 79,000 term 3/10, n/30

20 Purchased merchandise from Nasir & Co. Tk. 2,75,000, term 2/10, n/30

26 Purchased merchandise from Farzana & Co. 97,000, term 3/10, n/30

30 Purchase merchandise from Moin & sons Tk. 2,25,000 term 1/10, n/30

Requirement: You are required to prepare a purchase Journal using perpetual inventory system.

৮। ADDL Co. uses a multi column purchase journal and general journal. The items below represent the company's credit transactions for the month of October, 2019.

Oct. 5 Purchased merchandises from Farida Co. Tk. 1,27,000

" 6 Purchased cleaning equipment from Modern Machine Company Tk. 92,800.

" 7 Purchased office supplies of Tk. 7,900 and store supplies of Tk. 11,700 from Raima.

" 10 Purchased display equipment from Ideal Machine Home Tk. 2,35,000.

" 14 Purchased lawn mowers from Hero Machinery Co. for resale Tk. 4,20,000 the invoice included carriage Tk. 12,000.

" 16 Purchased Merchandise from Farida Co. Tk. 17,220.

" 19 Purchased a lawn mower from Hero Machinery Co. for office use the 47,500 the invoice included carriage Tk. 750.

" 25 Purchased store supplies from Ideal Machine Home Tk. 27,000.

" 26 Returned a defective lawn mower purchased on Oct. 14 for full credit Tk. 37,500.

Requirement: Enter the above transactions in a multi column purchase journal & general journal assume term N/30

এ ইউনিটের মূখ্য শব্দসমূহ

মূখ্য শব্দ	হিসাব তথ্য, হিসাব তথ্য ব্যবস্থা, বিশেষ জাবেদা, বিক্রয় জাবেদা, নগদ প্রাপ্তি জাবেদা, ক্রয় জাবেদা, নগদ প্রদান জাবেদা, সাধারণ জাবেদা